



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ : ২৪/৮/২০১৫

বিষয় : অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৯-০৭-২০১৫ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০২.০৩৬.২০১৫-৩৩৪/১(৭) নং স্মারক পত্র।
ক) অধ্যক্ষ মহোদয়ের ১০-০৮-২০১৫ তারিখের অনলাইনে প্রেরিত (আইডি নং-১৯৩৯) আবেদন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, আগামী কলেজ মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে ও শিক্ষা মন্ত্রণালয়ের সম্মতির প্রেক্ষিতে নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণের শর্তে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে অর্থাৎ ০১-০৭-২০১৫ তারিখ হতে ৩০-০৬-২০১৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য কলেজটিকে সম্পূর্ণ অস্থায়ীভাবে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হল। স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর স্বীকৃতি নবায়ন এবং আরোপিত শর্ত পূরণ করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে এবং উক্ত কলেজে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত থাকবে।

১) **আবশ্যিক বিষয় সমূহ :** বাংলা, ইংরাজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) **নৈর্ব্যচনিক বিষয় সমূহ :**

- ক) **মানবিক বিভাগ :** ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলাম শিক্ষা।
খ) **ব্যবসায় শিক্ষা বিভাগ :** হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, সার্চিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা।
গ) **বিজ্ঞান বিভাগ :** পদার্থ, রসায়ন, জীব বিদ্যা, উচ্চতর গণিত।

শর্তাবলী :

- ১। অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। এ ক্ষেত্রে সরকার কোন আর্থিক দায়ভার বহন করবে না।
- ৩। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
- ৫। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৬। এনটিআরসিএ সনদধারী শিক্ষক নিয়োগ করতে হবে এবং এক্ষেত্রে মহিলা শিক্ষক কোটার শর্ত পূরণ করতে হবে।
- ৭। এই অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসাবে বিবেচিত হবে না।
- ৮। কর্তৃপক্ষ মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ৯। বেসরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ১০। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১১। কর্তৃপক্ষ উপযুক্ত মনে করলে যে কোন সময় এ পাঠদান/স্বীকৃতি বাতিল বা স্থগিত করতে পারে।
- ১২। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ১৩। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো ও পরিচর্যা করতে হবে।
- ১৪। লাইব্রেরীতে পাঠ সহায়ক বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ১৫। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহসহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- ১৬। কলেজের সকল বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইটে হতে সংগ্রহ করতে হবে।
- ১৭। ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণি খোলার অনুমতির মেয়াদ বৃদ্ধির ফিস বাবদ প্রতি বর্ষে ৬০০০/= টাকা হারে মোট ১৮০০০/= (আঠার হাজার) টাকা সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ১৫(পনের) দিনের মধ্যে জমা দিতে হবে।

প্রাপক : অধ্যক্ষ
আখড়াখোলা আইডিয়াল কলেজ
ডাক : আখড়াখোলা, সদর, সাতক্ষীরা।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন-০৪২১-৬৮৬৩৮

স্মারক নং- ক/অ/ ২৫৪১(০২)৭

তারিখ : ২৪/৮/২০১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত) ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, শাখা-৯(কলেজ-৪)।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা।
- ০৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সভাপতি, পরিচালনা পরিষদ, আখড়াখোলা আইডিয়াল কলেজ, ডাক : আখড়াখোলা, সদর, সাতক্ষীরা।
- ১১। অফিস নথি।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর